নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
.../এম এম আই এস বিভাগ-২, ঢাকা।

| ... নং- ২৫১৪ | তারিখ ঃ- ২৮/৫/২৫ |
|---|---|
| | প্রাপককারী ঃ- |

| অ: সঃ | সঃ প্রঃ | উঃ বিঃ প্রঃ | নিঃ প্রঃ |
|---|---|---|---|
| | | | ✓ |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
পূর্ত ভবন, সেগুনবাগিচা ঢাকা।
ওয়েবসাইটঃ www.pwd.gov.bd

স্মারক নং- অঃপ্রঃপ্রঃ(পওবিপ্র)/পি.এ/৮২৬ তারিখঃ ২৭/০৫/২০২৫ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ গণপূর্ত অধিদপ্তরের আওতাধীন গুরুত্বপূর্ণ স্থাপনা সমূহের Maintenance Audit পরিচালনা প্রসঙ্গে।

সূত্রঃ ১। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তরের স্মারক নং- ২৫.৩৬.০০০০.২১৫.০৬.১০১.২২-৬০, তারিখ-১৪/০১/২০২৫খ্রীঃ।
২। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তরের স্মারক নং- ২৫.৩৬.০০০০.২১৫.০৬.১০১.২২-৬১, তারিখ-১৪/০১/২০২৫খ্রীঃ।

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গণপূর্ত অধিদপ্তরের আওতাধীন Key Point Installation(KPI) ও রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ স্থাপনার অবকাঠামো সমূহের ঝুঁকি নিরূপণ এবং Maintenance Audit পরিচালনার লক্ষ্যে সূত্রস্থ ১নং স্মারকের মাধ্যমে ১১ সদস্য বিশিষ্ট কেন্দ্রীয় কমিটি গঠন করা হয়। Maintenance Audit এর কাজ সঠিকভাবে এবং অভিন্নভাবে সম্পাদনের লক্ষ্যে উক্ত কমিটি কর্তৃক প্রণীত খসড়া গাইডলাইন, KPI ও রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ স্থাপনার তালিকা এবং স্থাপনার রক্ষণাবেক্ষণের প্রতিটি ক্ষেত্রের জন্য প্রণীত চেকলিস্ট সমূহ প্রধান প্রকৌশলী কর্তৃক অনুমোদিত হয়েছে। অনুমোদিত চেকলিস্ট সমূহ, গাইডলাইন এবং রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ ও KPI ভুক্ত স্থাপনার তালিকা সূত্রস্থ ২নং স্মারকের মাধ্যমে গঠিত মাঠ পর্যায়ের কমিটি কর্তৃক Maintenance Audit কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে এতদসংঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি ঃ ১। Maintenance Audit পরিচালনার গাইড লাইন-০৪(চার) পাতা।
২। Maintenance Audit পরিচালনার প্রয়োজনীয় চেকলিস্ট-০৯(নয়) পাতা।
৩। রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ ও KPI ভুক্ত স্থাপনার তালিকা-০১(এক) পাতা।

২৭/০৫/২৫
(মোঃ শামছুদ্দোহা)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পওবিপ্র) (অঃদাঃ)
গণপূর্ত অধিদপ্তর
পূর্ত ভবন, সেগুনবাগিচা ঢাকা।
ও
KPI ও রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ ভুক্ত স্থাপনার ঝুঁকি নিরূপন এবং
পরিচালনা বিষয়ক কেন্দ্রীয় কমিটি

অনুলিপি ঃ জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ

১. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ..................................................................................................।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী,................................ গণপূর্ত সার্কেল-................................................, ঢাকা।
৩. নির্বাহী প্রকৌশলী, ........................ গণপূর্ত বিভাগ- ...............................................................,ঢাকা।
৪. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত এম আই এস বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা (গণপূর্ত অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)।
৫. নির্বাহী প্রকৌশলী, প্রধান প্রকৌশলী মহোদয়ের স্টাফ অফিসার ( প্রধান প্রকৌশলী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. অফিস কপি।

গণপূর্ত অধিদপ্তরের আওতাধীন key Point Installation (KPI) ও রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ স্থাপনার তালিকা*

| কেপিআই (KPI) স্থাপনা | রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ স্থাপনা |
|---|---|
| ১. গণভবন | ১. প্রধান বিচারপতির বাসভবন |
| ২. প্রধান উপদেষ্টার কার্যালয় | ২. সচিবালয় চত্বরভুক্ত সকল ভবন |
| ৩. সুপ্রীমকোর্ট/ হাইকোর্ট এর চত্বরভুক্ত সকল ভবন | ৩. শিল্প মন্ত্রণালয় |
| ৪. জাতীয় সংসদ ভবন | ৪. পররাষ্ট্র মন্ত্রণালয় |
| ৫. বাংলাদেশ বেতার ভবন, আগারগাঁও | ৫. সকল সার্কিট হাউজ |
| ৬. বাংলাদেশ টেলিভিশন ভবন | ৬. মন্ত্রীপাড়ার অন্তর্ভুক্ত সকল ভবন |
| ৭. প্রতিরক্ষা মন্ত্রণালয় | ৭. সাভার স্মৃতিসৌধ |
| ৮. বিজি প্রেস | ৮. সার্ভে অব বাংলাদেশ |
| ৯. বঙ্গভবন | ৯. বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন |
| ১০. বাংলাদেশ ডিজিটাল ম্যাপিং সেন্টার | ১০. আবহাওয়া অফিস, রংপুর |
| ১১. বাংলাদেশ বেতার, সাভার | |
| ১২. মহাশক্তি প্রেরণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ধামরাই | |
| ১৩. জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থার প্রধান কার্যালয়, সেগুনবাগিচা | |
| ১৪. আঞ্চলিক টেলিভিশন সেন্টার, ময়মনসিংহ | |
| ১৫. বাংলাদেশ টেলিভিশন, ঠাকুরগাঁও | |
| ১৬. বাংলাদেশ বেতার, ঠাকুরগাঁও | |
| ১৭. বাংলাদেশ টেলিভিশন ভবন, রংপুর | |
| ১৮. বাংলাদেশ বেতার, রংপুর আঞ্চলিক কেন্দ্র | |
| ১৯. বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্র | |
| ২০. চট্টগ্রাম বেতার | |
| ২১. উখিয়া টিভি উপকেন্দ্র | |
| ২২. কক্সবাজার বেতার কেন্দ্র | |
| ২৩. কক্সবাজার রাডার স্টেশন | |
| ২৪. বাংলাদেশ বেতার, বান্দরবান কেন্দ্র | |
| ২৫. বাংলাদেশ টেলিভিশন, রাঙামাটি উপকেন্দ্র (৬০০০ বর্গফুট) | |
| ২৬. বাংলাদেশ বেতার, রাঙামাটি কেন্দ্র | |
| ২৭. বাংলাদেশ টেলিভিশন, নোয়াখালী উপকেন্দ্র | |
| ২৮. সিলেট বেতার ভবন, সার্কিট হাউজ | |
| ২৯. সাতক্ষীরা টেলিভিশন কেন্দ্র | |
| ৩০. বাংলাদেশ বেতার নোয়াপাড়া উপ-কেন্দ্র, যশোর | |
| ৩১. ঝিনাইদহ টেলিভিশন রিলে উপকেন্দ্র | |
| ৩২. বাংলাদেশ বেতার, বরিশাল | |
| ৩৩. পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলাধীন রাডার স্টেশন | |
| ৩৪. পটুয়াখালী টি.ভি রিলে উপ-কেন্দ্র | |
| ৩৫. উত্তরা গণভবন | |
| ৩৬. বাংলাদেশ টেলিভিশন উপকেন্দ্র, নাটোর | |
| ৩৭. কাহালু বেতার কেন্দ্র | |

* কেন্দ্রীয় কমিটি কর্তৃক প্রয়োজন অনুসারে মাঠ পর্যায়ের কমিটি হতে প্রাপ্ত সুপারিশ অনুযায়ী তালিকাটি হালনাগাদ করা হবে।

28/03/23
(নূর-ই-কাওনাইন)
নির্বাহী প্রকৌশলী
গণপূর্ত ডিজাইন বিভাগ-১
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

মোঃ শামছুদ্দোহা
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সংস্থাপন)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা

# গণপূর্ত অধিদপ্তরের আওতাধীন গুরুত্বপূর্ণ স্থাপনা সমূহের Maintenance Audit পরিচালনা করার লক্ষ্যে গাইডলাইন

## পটভূমিঃ

যেকোনো স্থাপনা এবং এর ব্যবহারকারীদের অগ্নিনিরাপত্তা, কাঠামোগতসহ সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার জন্য নিয়মিত ভবনসমূহের রক্ষণাবেক্ষণ অপরিহার্য। বর্তমানে প্রায়শই বৈদ্যুতিক তার/ যন্ত্রপাতি বিষয়ক সমস্যা, অগ্নিঝুঁকি, এমনকি ভবন ধ্বসে পড়ার মতো নিরাপত্তা ঝুঁকির ঘটনার প্রেক্ষিতে প্রতীয়মান হয় যে, ভবনগুলো অনিরাপদ। ফলে এই সমস্ত ভবনের ইউটিলিটি সার্ভিস সহ অন্যান্য স্ট্রাকচারাল বিষয়সমূহ নিয়মিতভাবে পরীক্ষা-নিরীক্ষা করা নিশ্চিত করতে হবে যাতে স্থাপনাসমূহের ঝুঁকিসমূহ সনাক্তকরণপূর্বক সমস্যাসমূহ প্রতিকার করা সম্ভব হয়। গণপূর্ত অধিদপ্তর দেশের সরকারি বিভিন্ন স্থাপনাসহ অনেক রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ এবং KPI ভুক্ত স্থাপনাসমূহ নিয়মিত ভাবে রক্ষণাবেক্ষণ করে থাকে। এই সমস্ত রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ এবং KPI ভুক্ত স্থাপনাসমূহের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে ভবনসমূহের নিয়মিত Maintenance Audit করা একান্ত প্রয়োজন। এর মাধ্যমে ভবন ব্যবহারকারীদের নিরাপদ পরিবেশ নিশ্চিত করা সহ অবকাঠামোসমূহের দুর্ঘটনার ঝুঁকি হ্রাস করবে।

## লক্ষ্য ও উদ্দেশ্যঃ

Maintenance Audit এর প্রাথমিক উদ্দেশ্য হল রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ এবং KPI ভুক্ত স্থাপনাসমূহ পরিদর্শনপূর্বক ঝুঁকিসমূহ চিহ্নিত করে ভবনের নিরাপত্তা নিশ্চিত করা। এছাড়া স্থাপনাসমূহের ঝুঁকি নিরুপণের জন্য প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা করে দক্ষতার সাথে চিহ্নিত সমস্যাগুলো সমাধান করতে হবে। এতে করে মেরামতের খরচ কমিয়ে আনার পাশাপাশি স্থাপনাসমূহের নিরাপদ ব্যবহার উপযোগিতা নিশ্চিত হবে।

## Maintenance Audit কার্যক্রমের আওতাভুক্ত ভবনঃ

বর্তমানে রক্ষণাবেক্ষণের নিমিত্তে গণপূর্ত অধিদপ্তরের আওতাধীন কয়েক হাজার সরকারি ভবন রয়েছে। এই সমস্ত ভবনের অগ্নিনিরাপত্তা, কাঠামোগত ঝুঁকি নিরুপনসহ সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে বিদ্যমান ভবনের Maintenance Audit এর কাজ শুরু করা অত্যন্ত জরুরি। ভবনের ধরন, পরিবেশগত অবস্থা, ব্যবহার উপযোগিতা এবং গুরুত্ব, ইত্যাদির উপর নির্ভর করে Maintenance Audit এর কার্যক্রম শুরুর লক্ষ্যে ভবনসমূহের তালিকা প্রণয়ন করতে হবে। এ পর্যায়ে অগ্রাধিকারভিত্তিতে কেন্দ্রীয় কমিটি কর্তৃক প্রণয়নকৃত খসড়া তালিকা অনুযায়ী রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ এবং KPI ভুক্ত স্থাপনাসমূহের (পরিশিষ্ট-১) Maintenance Audit এর কার্যক্রম শুরু করা যেতে পারে। প্রয়োজন অনুসারে উক্ত তালিকার স্থাপনাসমূহকে বয়স, ধরন, গুরুত্ব ইত্যাদির ভিত্তিতে বিভিন্ন ক্যাটাগরিতে ভাগ করা যেতে পারে।

## Maintenance Audit পরিচালনার জন্য গঠিত কমিটিঃ

Maintenance Audit এর কাজ শুরু করার লক্ষ্যে প্রচুর লোকবলের প্রয়োজন রয়েছে। স্থাপনাসমূহের ঝুঁকি নিরুপনের লক্ষ্যে প্রণীত চেকলিস্ট অনুযায়ী প্রতিটি ভবনের Maintenance Audit করার জন্য স্মারক নং- ২৫.৩৬.০০০০.২১৫.০৬.১০১.২২-৬০, তারিখ- ১৪.০১.২০২৫ এর মাধ্যমে ১১ সদস্য বিশিষ্ট একটি কেন্দ্রীয় কমিটি এবং স্মারক নং- ২৫.৩৬.০০০০.২১৫.০৬.১০১.২২-৬১, তারিখ- ১৪.০১.২০২৫ এর মাধ্যমে ৮ সদস্য বিশিষ্ট মাঠ পর্যায়ের কমিটি গঠন করা হয়েছে (পরিশিষ্ট-২)। মাঠ পর্যায়ের কমিটি স্থাপনাসমূহ সরেজমিনে পরিদর্শনপূর্বক বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষা করে অগ্নিনিরাপত্তা, কাঠামোগতসহ অন্যান্য ঝুঁকি নিরুপণ করবে। কেন্দ্রীয় কমিটি মাঠ পর্যায়ের কমিটি থেকে প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী ঝুঁকিসমূহ নিরুপণের লক্ষ্যে পরামর্শ প্রদান করবে।

## Maintenance Audit পরিচালনার লক্ষ্যে ক্ষেত্রসমূহঃ

ভবনের বয়স, ধরন এবং ব্যবহারের উপর ভিত্তি করে Maintenance Audit এর প্রয়োজনীয় ক্ষেত্রগুলো বিবেচনা করতে হবে। এছাড়া, ভবনের আকার, এর নির্মাণে ব্যবহৃত উপকরণ, এর সিস্টেমের জটিলতা (যেমন, HVAC, প্লাম্বিং, বৈদ্যুতিক) ইত্যাদি বিষয়গুলি বিবেচনা করা প্রয়োজন। সকল বিষয় বিবেচনা করে ভবনের অগ্নিনিরাপত্তা, অবকাঠামোগত ঝুঁকিসহ অন্যান্য ঝুঁকি নিরুপনের লক্ষ্যে একটি ভবনের রক্ষণাবেক্ষণের ক্ষেত্রগুলি চিহ্নিত করা সম্ভব হলে কাজের গুণগতমান বজায় রেখে ব্যয় সায়শ্রী করে ভবনের সার্বিক নিরাপত্তা প্রদান করা সম্ভব হবে। Maintenance Audit এর কাজ সঠিক এবং অভিন্নভাবে সম্পাদন করার লক্ষ্যে ভবনের রক্ষণাবেক্ষনের প্রতিটি ক্ষেত্রের জন্য আলাদা চেকলিস্ট প্রণয়ন করতে হবে। প্রয়োজনীয় চেকলিস্ট এর মাধ্যমে Maintenance Audit করা হলে স্থাপনার সঠিক কার্যকারিতা এবং প্রকৃত অবস্থা নিরূপণ করা সম্ভবপর হবে। প্রণয়নকৃত চেকলিস্ট (পরিশিষ্ট-৩) অনুযায়ী নিয়মিত অডিট কার্যক্রম পরিচালনা এবং তদনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করলে স্থাপনাসমূহের ঝুঁকি হ্রাস করা সম্ভবপর হবে। ভবনের ঝুঁকি নিরুপণের লক্ষ্যে বিভিন্ন ক্ষেত্রে নিয়মিত নিরীক্ষা করা প্রয়োজন, যেমন – স্ট্রাকচারাল, পূর্ত বিষয়ক, অগ্নি নিরাপত্তা বিষয়ক, প্লাম্বিং, যান্ত্রিক/ বৈদ্যুতিক, ইত্যাদি।

✓ স্ট্রাকচার বিষয়ক

- নিয়মিতভাবে স্থাপনার স্ট্রাকচারাল মেম্বারসমূহ, যেমনঃ কলাম-বীম অথবা ভারবাহী দেয়াল ইত্যাদি পর্যবেক্ষণ করতে হবে। স্ট্রাকচারাল মেম্বারসমূহে কোনরূপ ফাটল, sag/ deflection ইত্যাদি দেখা গেলে তা চিহ্নিত করে কাঠামোগত সমস্যাগুলি সমাধান করতে হবে।

✓ পূর্ত কাজ বিষয়ক

- নিয়মিতভাবে ছাদ পরিদর্শন করে ছাদের ক্ষতিগ্রস্ত অংশ, যেমনঃ ছাদের dampness/ leak কিংবা প্লাস্টার/ concrete খসে পড়া/ ফাটল বা sag হওয়া ইত্যাদি সমস্যা চিহ্নিত করে সমাধানের ব্যবস্থা করতে হবে।
- ভবনের ছাদ, ড্রেন, সানসেড ও অন্যান্য উন্মুক্ত স্থানে পানি জমে থাকা/ শ্যাওলা পড়া ইত্যাদি রোধ করতে উক্ত স্থানসমূহ নিয়মিতভাবে পরিষ্কার করতে হবে।
- বিরূপ আবহাওয়া থেকে সুরক্ষিত থাকার লক্ষ্যে নিয়মিতভাবে বহিঃস্থ দেয়াল, দরজা সহ উন্মুক্ত অংশগুলি রঙ করতে হবে।

✓ প্লাম্বিং বিষয়ক

- পানির অপচয় রোধ করতে এবং ভবনের ক্ষয়ক্ষতি হ্রাস করার লক্ষ্যে প্লাম্বিং ফিটিংস, ফিক্সচার, পাইপ, এবং ড্রেনগুলি পরিদর্শন করে এ সংক্রান্ত সমস্যাগুলি দ্রুত সমাধান করতে হবে।
- ভবনের ব্যবহারের জন্য পর্যাপ্ত পরিমান পানির সংরক্ষণ ও প্রবাহ নিশ্চিত করতে হবে।
- ভবনকে বসবাস উপযোগী করতে উপযুক্ত ও কার্যকরী পয়ঃনিস্কাশন ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে।
- অগ্নিঝুঁকি হ্রাসে অগ্নিজলাধারে পর্যাপ্ত পরিমান পানির সংরক্ষণ নিশ্চিত করতে হবে।

✓ ফায়ার সেফটি বিষয়ক

- অগ্নি নিরাপত্তার জন্য ফায়ার প্রটেকশন, ডিটেকশন ও অ্যালার্ম সিস্টেম, অগ্নি নির্বাপক যন্ত্র, স্মোক মাস্ক ও গগলস এবং জরুরী আলোর ব্যবস্থা পরীক্ষার মাধ্যমে ফায়ার সেফটি বিষয়ক যন্ত্রপাতির কার্যক্ষমতা বৃদ্ধি করতে হবে এবং নিরাপত্তা বিধি মেনে চলতে হবে।
- অগ্নিজলাধারের pumping system-এর কার্যক্ষমতা নিশ্চিত করতে হবে।
- নিয়মিত Fire Drill কার্যক্রম সম্পাদন ও ভবন ব্যবহারকারীদের সচেতনতা বৃদ্ধি ও উপযুক্ত প্রশিক্ষণ নিশ্চিত করতে হবে।

- Fire stair - এর পরিপূর্ণ ব্যবহার উপযোগিতা নিশ্চিত করতে হবে এবং ফায়ার ডোর এর কার্যকারিতা পরীক্ষা করতে হবে।
- ভবনের দৃশ্যমান স্থানে Exit Plan প্রদর্শণ ও Signage-এর দৃশ্যমানতা নিশ্চিত করতে হবে।

✓ ই/এম বিষয়ক

- ভবনের বৈদ্যুতিক তার, যন্ত্রপাতি পুরানো এবং ত্রুটিপূর্ণ হলে দুর্ঘটনার সম্ভাবনা বেড়ে যায়। সঠিক কার্যকারিতা এবং নিরাপত্তার জন্য বৈদ্যুতিক প্যানেল বোর্ড, জরুরী লাইটিং সিস্টেম, জেনারেটর, বৈদ্যুতিক সরবরাহ ব্যবস্থা, বৈদ্যুতিক আউটলেট, সুইচ এবং সার্কিট ব্রেকার পরীক্ষা করে বৈদ্যুতিক বিপদের ঝুঁকি কমাতে অবিলম্বে সমস্যা সমাধান করতে হবে।
- ভবনের ভিতরের পরিবেশের গুনগতমান বজায় রাখতে এবং সিস্টেমের ত্রুটি রোধ করার জন্য নিয়মিতভাবে heating, ventilation, HVAC সিস্টেম এবং শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা (স্প্লিট টাইপ/ ভিআরএফ টাইপ/ সেন্ট্রাল এসি টাইপ) ও এসি ডাক্টসমূহ পর্যবেক্ষণ করতে হবে। এছাড়া প্রয়োজনীয় ও ত্রুটিপূর্ণ এসি ফিল্টার প্রতিস্থাপন ও নিয়মিতভাবে ফিল্টারসমূহের পরিষ্কার নিশ্চিত করতে হবে।
- নিরাপদ এবং নির্ভরযোগ্য অপারেশন নিশ্চিত করতে লিফট এবং এসকেলেটর সিস্টেম নিয়মিত রক্ষণাবেক্ষণ এবং পরিদর্শনের সময়সূচী অনুযায়ী সুরক্ষা মানগুলির সাথে সমন্বয় করে সমস্যার সমাধান করতে হবে।
- সঠিকভাবে কাজ করার জন্য অভ্যন্তরীণ এবং বাহ্যিক আলোর ফিক্সচারগুলি পরিদর্শন এবং পর্যাপ্ত আলোকসজ্জা ও নিরাপত্তা বজায় রাখার জন্য প্রয়োজনীয় বাল্ব বা ফিক্সচার প্রতিস্থাপন করতে হবে।
- ভবন ব্যবহারকারীদের পর্যাপ্ত সুরক্ষা প্রদান করার লক্ষ্যে নিরাপত্তা ক্যামেরা, অ্যালার্ম, অ্যাক্সেস কন্ট্রোল সিস্টেম এবং তালাগুলি সঠিকভাবে কাজ করছে কিনা তা নিয়মিতভাবে পরীক্ষা করতে হবে।
- বৈদ্যুতিক সেফটি সাইনেজ এবং লেবেল সমূহ যথাযথ আছে কিনা তা পরীক্ষা করতে হবে।
- আর্থিং সিস্টেম এবং ভবন/ স্থাপনার বজ্র নিরোধক ব্যবস্থা যথাযথভাবে কাজ করছে কিনা তা নিয়মিতভাবে পরীক্ষা করতে হবে।
- বয়লার, ওয়াটার হিটার, হিট এক্সচেঞ্জার, পানি বিশুদ্ধকরণ ব্যবস্থা প্রভৃতি নিয়মিত পরীক্ষা করতে হবে।
- গ্যাস সরবরাহ লাইন এবং গ্যাস সরবরাহ আউটলেট সমূহ যথাযথভাবে পরীক্ষা করতে হবে।
- স্টেয়ারকেস প্রেসারাইজেশন সিস্টেমের কার্যকারিতা যথাযথভাবে পরীক্ষা করতে হবে।
- নিম্ন কর্মক্ষমতা/ অধিক বৈদ্যুতিক শক্তি ব্যবহার নিরাপত্তা ঝুঁকির নিয়ামক, বিধায় বৈদ্যুতিক/ যান্ত্রিক যন্ত্রপাতির দক্ষতা/ কর্মক্ষমতার প্রবণতা যাচাই করতে হবে।
- সিস্টেমের দীর্ঘায়ু নিশ্চিত করতে সমস্ত উচ্চ-ট্রাফিক এলাকা, HVAC ইউনিট এবং যান্ত্রিক সিস্টেমের জন্য একটি পরিষ্কার পরিচ্ছন্নতার সময়সূচী ঠিক করে এর পরিচালনা করতে হবে।

## Maintenance Audit পরিচালনা প্রক্রিয়াঃ

✓ গঠিত মাঠ পর্যায়ের কমিটি প্রস্তুতকৃত খসড়া তালিকাভুক্ত KPI ও রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ স্থাপনার বয়স এবং রক্ষণাবেক্ষণের প্রকৃতি অনুযায়ী অধিক পুরাতন স্থাপনা প্রতি ৩ মাসে একবার এবং অপেক্ষাকৃত নতুন স্থাপনার ক্ষেত্রে প্রতি ৬ মাসে একবার পরিদর্শন ও maintenance audit পরিচালনা করবে।

- ✓ মাঠ পর্যায়ের কমিটি গুলো maintenance audit পরিচালনার ক্ষেত্রে প্রণীত চেকলিস্ট অনুসরণ করবে। ক্ষেত্রবিশেষে বিশেষ ধরনের স্থাপনার ক্ষেত্রে বিদ্যমান চেকলিস্টে কোনরূপ পরিবর্তন/ পরিমার্জনের প্রয়োজন হলে তা নির্দিষ্টকরণপূর্বক চেকলিস্ট হালনাগাদ করার জন্য কেন্দ্রীয় কমিটিকে সুপারিশ করবে।
- ✓ মাঠ পর্যায়ের কমিটি স্থাপনা সমূহের ঝুঁকি নিরূপণের জন্য প্রয়োজনীয় পরীক্ষা -নিরীক্ষা করবে এবং প্রয়োজনে কেন্দ্রীয় কমিটির নিকট হতে বিভিন্ন প্রকৌশলগত মতামত গ্রহণ করবে।
- ✓ প্রতিবার maintenance audit সম্পাদন শেষে মাঠ পর্যায়ের কমিটি কেন্দ্রীয় কমিটির নিকট পরিদর্শন প্রতিবেদন প্রদান করবে। এ প্রতিবেদনে মাঠ পর্যায়ের কমিটির পর্যবেক্ষণ, সার্বিক মতামত এবং মেরামত/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশমালা অন্তর্ভুক্ত থাকবে।
- ✓ মাঠ পর্যায়ের কমিটি কর্তৃক প্রেরিত প্রতিবেদন ও সুপারিশ কেন্দ্রীয় কমিটি কর্তৃক পর্যালোচনার পর যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হলে মাঠ পর্যায়ের দপ্তরকে তা যথাযথভাবে বাস্তবায়নের নির্দেশনা প্রদান করবে।
- ✓ কেন্দ্রীয় কমিটি মাঠ পর্যায়ের কমিটিসমূহের কার্যক্রম পর্যবেক্ষণ করবে ও প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবে। কেন্দ্রীয় কমিটি প্রয়োজন অনুসারে তালিকাভুক্ত স্থাপনাসমূহ পরিদর্শন করবে। এ কমিটি সামগ্রিক maintenance audit কার্যক্রমের উপর ভিত্তি করে প্রধান প্রকৌশলীর নিকট ত্রৈমাসিক প্রতিবেদন প্রদান করবে।
- ✓ কেন্দ্রীয় কমিটি প্রয়োজন অনুসারে প্রণীত চেকলিস্ট ও স্থাপনা সমূহের তালিকা হালনাগাদ করবে।
- ✓ কেন্দ্রীয় কমিটি প্রয়োজনে মাঠ পর্যায়ের কমিটি গঠনে ভূমিকা রাখবে এবং প্রয়োজনে যেকোনো পেশাজীবি/ বিশেষজ্ঞের পরামর্শ গ্রহণ/ কমিটিতে কো-অপ্ট করতে পারবে।
- ✓ সকল রক্ষনাবেক্ষন কাজের সকল রেকর্ড হার্ড কপি ও সফট কপি আকারে যথাযথ প্রক্রিয়ায় সংরক্ষণ করতে হবে।
- ✓ কেন্দ্রীয় কমিটি সকল এমইপি সিস্টেম এর নিরাপত্তা এবং কার্যকারিতা জাতীয় বিল্ডিং কোড এর সাথে সামঞ্জস্যপূর্ণ আছে কিনা তার মতামত দিবে। অগ্নি নিরাপত্তা প্রোটোকল নিয়মিতভাবে পর্যালোচনা করবে এবং ভবনের অবকাঠামো বা ন্যাশনাল বিল্ডিং কোড পরিবর্তনের সাথে সামঞ্জস্য রেখে হালনাগাদ করবে।
- ✓ বিদ্যমান BIMH Software-এ প্রতিবেদনসমূহ আপলোড করা যেতে পারে।

Nawonine
২৫/০৫/২৫
(নূর-ই-কাওমাইন)
নির্বাহী প্রকৌশলী
গণপূর্ত ডিজাইন বিভাগ-১
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

মোঃ শামছুদ্দোহা
নির্বাহী প্রধান প্রকৌশলী (সেওক)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

## গণপূর্ত অধিদপ্তরের আওতাধীন Key Point Installation (KPI) ও রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ স্থাপনার অবকাঠামো সমূহের ঝুঁকি নিরুপণ এবং Maintenance Audit পরিচালনার প্রয়োজনীয় চেকলিস্ট

### General Information

| | |
|---|---|
| 1 | Building name: |
| 2 | BIMH ID: |
| 3 | Concerned PWD Division: |
| 4 | Type of structure: |
| 5 | No. of storey: |
| 6 | Year of Construction: |

### Structural Checklist

| Sl no. | | Check Item | Yes | No | Remarks |
|---|---|---|---|---|---|
| 1 | Updated As-built Structural drawing available? | | | | |
| 2 | Sub-soil investigation report available? | | | | |
| 3a | **Appearance of Crack in structural member(beam/column/slab) observed?** | | | | |
| | i | Beam | | | |
| | ii | Column | | | |
| | iii | Slab | | | |
| 3b | **Crack width in structural member** | | | | |
| | i | hair crack | | | |
| | ii | 1mm-2mm crack | | | |
| | iii | more than 2mm crack | | | |
| | iv | crack map prepared? | | | |
| | v | photograph attached? | | | |
| 4 | **Appearance of Crack in non-structural member observed?** | | | | |
| | i | partition wall-brick works | | | |
| | ii | lintel | | | |
| | iii | false slab | | | |
| | iv | drop wall | | | |
| | v | sunshade | | | |
| 5 | **Concrete spall out occurred?** | | | | |
| | i | Beam | | | |
| | ii | Column | | | |
| | iii | Slab | | | |
| 6 | **Rebar corrosion observed?** | | | | |
| 7 | **Sag in structural member occured?** | | | | |
| | i | beam | | | |
| | ii | slab | | | |
| 8 | **Photograph of deteriorated member attached?** | | | | |

Overall Comment (if any):

**To be duly signed by relevant officials**

28/05/25
নূর-ই-কাওনাইন)
নির্বাহী প্রকৌশলী
গণপূর্ত ডিজাইন বিভাগ-১
ভবন সেগুনবাগিচা, ঢাকা।

25/05/25
(মোঃ রফিকুল ইসলাম)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
গণপূর্ত ডিজাইন সার্কেল-১
পূর্ত ভবন, ঢাকা।

# গণপূর্ত অধিদপ্তরের আওতাধীন Key Point Installation (KPI) ও রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ স্থাপনার অবকাঠামো সমূহের ঝুঁকি নিরূপণ এবং Maintenance Audit পরিচালনার প্রয়োজনীয় চেকলিস্ট

## General Information

| | |
|---|---|
| 1 | Building name: |
| 2 | BIMH ID: |
| 3 | Concerned PWD Division: |
| 4 | Type of structure: |
| 5 | No. of storey: |
| 6 | Year of Construction: |

## Civil/ Finishing Works Checklist

| Sl no. | Check Item | | Yes | No | Remarks |
|---|---|---|---|---|---|
| 1 | Updated As-built Architectural drawing available? | | | | |
| 2 | **Crack/damage in floor finish visible?** | | | | |
| | i | Tiles | | | |
| | ii | Marble/Granite | | | |
| | iii | Lime terracing/Patent stone work on roof | | | |
| 3 | **Damage/fault in other items visible?** | | | | |
| | i | Door | | | |
| | ii | Window | | | |
| | iii | False slab/ false ceiling | | | |
| | iv | wall panelling | | | |
| 4 | **Loose connection of wire/nail observed?** | | | | |
| | i | in false ceiling | | | |
| | ii | in wall panelling | | | |
| 5 | **Cleanliness/vegetation checked?** | | | | |
| | i | sunshade | | | |
| | ii | porch | | | |
| | iii | open air terrace/space | | | |
| 6 | **Drainage system checked?** | | | | |
| | i | at roof top | | | |
| | ii | at porch | | | |
| | iii | open air terrace | | | |
| 7 | **Dampness observed?** | | | | |

Overall Comment (if any):

**To be duly signed by relevant officials**

(নূর-ই-কাওনাইন)
নির্বাহী প্রকৌশলী
গণপূর্ত ডিজাইন বিভাগ-১
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

(মোঃ রফিকুল ইসলাম)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
গণপূর্ত ডিজাইন সার্কেল-১
পূর্ত ভবন, ঢাকা।

## গণপূর্ত অধিদপ্তরের আওতাধীন Key Point Installation (KPI) ও রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ স্থাপনার অবকাঠামো সমূহের ঝুঁকি নিরুপণ এবং Maintenance Audit পরিচালনার প্রয়োজনীয় চেকলিস্ট

### General Information

| | |
|---|---|
| 1 | Building name: |
| 2 | BIMH ID: |
| 3 | Concerned PWD Division: |
| 4 | Type of structure: |
| 5 | No. of storey: |
| 6 | Year of Construction: |

### Plumbing Works Checklist

| Sl no. | Check Item | Yes | No | Remarks |
|---|---|---|---|---|
| **A** | **General Plumbing** | | | |
| 1 | Availability of as-built Plumbing drawing | | | |
| 2 | All exposed pipes, faucets, and fixtures are free from any leakage | | | |
| 3 | Walls, ceilings, and floors are free from water stains or mold | | | |
| 4 | Water pressure test throughout the building is conducted periodically | | | |
| 5 | Storm water drainage or all rainwater downpipes are clear from any obstructions | | | |
| 6 | Underground plumbing is free from any leakage | | | |
| 7 | Underground plumbing is inspected regularly for potential leakage or root damage | | | |
| 8 | Inspections and repairs Record are maintained properly | | | |
| 9 | Plumbing inspections are conducted periodically by competent professionals | | | |
| 10 | Staffs on emergency are trained properly for shut-off procedures | | | |
| 11 | Aging pipes, fixtures, and valves are replaced as needed | | | |
| **B** | **Water Reservoir / Overhead Tank Maintenance** | | | |
| 1 | The reservoir/tank are free from any leakage | | | |
| 2 | The reservoirs/tanks are cleaned and disinfected regularly | | | |
| 3 | Inlet and outlet pipes are free from any leakage | | | |
| 4 | Float valves are functional and operating properly, if any | | | |
| 5 | The pump system for supplying water is tested and maintained regularly | | | |
| 6 | Water quality is checked regularly | | | |
| 7 | Adequate water for firefighting is preserved and checked regularly | | | |
| 8 | Vent pipe is covered by net/cowl or another device if necessary | | | |
| **C** | **Water Supply System** | | | |
| 1 | The main water supply line is free from any leakage | | | |
| 2 | Water pressure regulators (e.g. Pressure Reducing Valve (PRV)) and backflow preventers (e.g. NRV) are tested regularly | | | |
| 3 | Water meter is checked regularly to avoid unusual readings (hidden leaks). | | | |
| 4 | Shut-off valves (e.g. Gate Valves) are inspected regularly | | | |
| 5 | Supports such as hangers/clamps are inspected regularly | | | |
| 6 | Pipes in close proximity to electric conduits/cables or gas pipes undergo regular and careful inspections | | | |
| 7 | Sufficient extension of all pipes over the roof has been provided and covered by net/ cowl or another device if necessary | | | |
| **D** | **Drainage and Sewer System** | | | |
| 1 | Floor drains are regularly inspected and cleaned to prevent blockages | | | |
| 2 | Sewer lines are regularly checked to prevent blockage | | | |
| 3 | Sump pumps are tested regularly for proper operation | | | |
| 4 | Flush and grease traps in kitchens are cleaned and checked regularly | | | |
| 5 | Storm water drainage systems are checked regularly to avoid debris buildup | | | |

Hawnine
28/08/25
(নূর-ই-কাওনাইন)
নির্বাহী প্রকৌশলী
গণপূর্ত ডিজাইন বিভাগ-১
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

29/8/25
মুহম্মদ রশিউর রহমান আকন্দ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
গণপূর্ত প্লাম্বিং ইউনিট
পূর্ত ভবন, ঢাকা।

| Checklist for Plumbing Work (cont.) |
|---|

| Sl no. | | Check Item | Yes | No | Remarks |
|---|---|---|---|---|---|
| E | **Fixtures and Faucets** | | | | |
| | a) | **Faucets & Sinks** | | | |
| 1 | | All faucets and sinks are free from any leakage/or drips | | | |
| 2 | | Aerators are cleaned regularly to remove mineral buildup | | | |
| 3 | | Sinks are checked properly for leaks and moisture damage | | | |
| | b) | **Toilets and Urinals** | | | |
| 4 | | All fittings and fittings are in operation and free from leakage | | | |
| 5 | | Flush mechanisms are checked regularly for proper operation | | | |
| 6 | | Seals and connections are inspected for leakage | | | |
| 7 | | Flush valves are cleaned and descaled regularly | | | |
| | c) | **Showers and Bathtubs** | | | |
| 8 | | Showerheads are checked properly to avoid clogs or mineral buildup | | | |
| 9 | | Proper water drainage is ensured and checked regularly | | | |
| 10 | | Caulking and grout are inspected regularly | | | |
| F | | **Water Heaters and Boilers (if any)** | | | |
| 1 | | Heating system is free from any leakage/corrosion/rust | | | |
| 2 | | Temperature and pressure relief (TPR) valves are tested regularly | | | |
| 3 | | Tanks are flushed regularly to remove sediment buildup | | | |
| 4 | | Water temperature is set as per the recommendation in design | | | |
| G | | **Septic Tank/ STP Maintenance** | | | |
| 1 | | Septic Tank/ STP is operational and maintained regularly | | | |
| 2 | | Inlet and outlet pipes are free from any leakage | | | |
| 3 | | The tank/s are checked regularly for sludge and scum levels | | | |
| 4 | | Drains and Pits are inspected regularly for wet spots or foul odors | | | |
| 5 | | Manhole covers, inspection pits and master pit/s are checked regularly | | | |
| H | | **Rain Water Harvesting & Management (if any)** | | | |
| 1 | | All rainwater downpipes are clear from any obstructions | | | |
| 2 | | The open end of rainwater downpipes is covered with wire net/cowl/ grating or other devices | | | |
| 3 | | Water collectors/master Pit/inspection chambers are free from blockage | | | |
| 4 | | The rainwater harvesting and management system is functioning and maintained regularly | | | |

Overall Comment (if any):

**To be duly signed by relevant officials**

Nawonine
28/08/26
(নূর-ই-কাওনাইন)
নির্বাহী প্রকৌশলী
গণপূর্ত ডিজাইন বিভাগ-১
পূর্ত ভবন সেগুনবাগিচা, ঢাকা।

29/8/26
মুহম্মদ মশিউর রহমান আকন্দ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
গণপূর্ত প্লানিং ইউনিট
পূর্ত ভবন, ঢাকা।

Pg-04

## গণপূর্ত অধিদপ্তরের আওতাধীন Key Point Installation (KPI) ও রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ স্থাপনার অবকাঠামো সমূহের ঝুঁকি নিরুপণ এবং Maintenance Audit পরিচালনার প্রয়োজনীয় চেকলিস্ট

### General Information

| | |
|---|---|
| 1 | Building name (with Type-Residential/commercial/other): |
| 2 | BIMH ID: |
| 3 | Concerned PWD Division: |
| 4 | Type of structure: |
| 5 | No. of storey: |
| 6 | Year of Construction: |

### E/M Works Checklist

| Sl no. | | Check Item | Yes | No | Remarks |
|---|---|---|---|---|---|
| 1(a) | | Updated As-built Architectural drawing available? | | | |
| 1(b) | | Updated As-built Internal electrification drawing available? | | | |
| 1(c) | | Updated As-built Single line circuit diagram drawing available? | | | |
| 1(d) | | Updated As-built E/M equipment layout drawing available? | | | |
| | | ***Quarterly maintenance Tasks*** | | | |
| 2(a) | | **Inspect Electrical Panels and SDBs** | | | |
| | i | Check for overheating, signs of wear, or damage | | | |
| | ii | Ensure all breakers are functional and labeled properly | | | |
| | iii | Tighten connections and look for signs of corrosion or loose wires | | | |
| | iv | Check SDBs for all breakers and loose connectivity and any abnormal sound, heat or loose connection | | | |
| 2(b) | | **Test Emergency Lighting Systems** | | | |
| | i | Check all emergency lights and exit signs | | | |
| | ii | Test backup power to ensure they activate correctly in case of power failure | | | |
| 2(c) | | **Check Circuit Breakers & Fuses** | | | |
| | i | Ensure proper operation and test for overload conditions | | | |
| 2(d) | | **Inspect Electrical Substation(s) & Generator(s):** | | | |
| | i | Run tests to check performance and safety system of Substation equipment. | | | |
| | ii | Run tests to check performance and ensure backup power supply readiness. | | | |
| 2(e) | | **Inspect Power Distribution Systems** | | | |
| | i | Verify that electrical systems are operating within specifications, checking for irregularities | | | |
| 2(f) | | **Inspect HVAC Systems** | | | |
| | i | Clean and inspect filters, fans, and coils for dirt and blockages, check performance of staircase pressurization system(if any) | | | |
| | ii | Ensure thermostats are working accurately | | | |
| | iii | Inspect refrigerant levels and check for leaks | | | |
| 2(g) | | **Check Fire Alarm & Sprinkler Systems** | | | |
| | i | Test the function of smoke detectors and alarm systems with Fire Alarm Control Panel and repeater Panel | | | |
| | ii | Verify water pressure and operational status of sprinklers and fire hydrant hose with nozzles | | | |

(নূর-ই-কাওনাইন)
নির্বাহী প্রকৌশলী
গণপূর্ত ডিজাইন বিভাগ-১
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

(শেখর চন্দ্র বিশ্বাস)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
গণপূর্ত ই/এম ডিজাইন সার্কেল
পূর্ত ভবন, ঢাকা।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 2(h) | **Inspect Lift and Escalator Systems** | | | | |
| | i | Check for smooth operation, test emergency functionality, and examine safety systems. | | | |
| 2(i) | **Examine Water Pumps & Valves** | | | | |
| | i | Inspect pumps for leaks or wear and ensure proper operation | | | |
| | ii | Check valves for corrosion and functional performance | | | |
| | ***Half-Yearly Maintenance Tasks*** | | | | |
| 3(a) | **Test and Calibrate Electrical Meters** | | | | |
| | i | Ensure energy meters are working correctly and have accurate readings | | | |
| | ii | Inspect randomly switches and power sockets and outlets | | | |
| 3(b) | **Thermal Imaging Inspection of Electrical Panels** | | | | |
| | i | Use thermal cameras to identify hotspots and potential failure points in electrical systems | | | |
| 3(c) | **Update Electrical Safety Signage and Labels** | | | | |
| | i | Make sure all electrical panels, switches, and emergency cut-offs are properly labeled | | | |
| 3(d) | **Test Grounding Systems** | | | | |
| | i | Verify grounding systems and connections are intact and functional | | | |
| 3(e) | **Check Uninterruptible Power Supply (UPS)** | | | | |
| | i | Test the battery backup systems, ensuring they are holding charge and working correctly | | | |
| 3(f) | **HVAC Duct Inspection** | | | | |
| | i | Clean and inspect air ducts for mold, dust buildup, or blockages | | | |
| | ii | Clean and inspect Forced Ventilation sytems ducts, fans, sensors and VFDs | | | |
| | iii | Inspect compressor, PCB, remote, outdoor unit, filters etc for window and split type ac | | | |
| 3(g) | **Inspect Boilers/ Geezers & Heat Exchangers** | | | | |
| | i | Clean and inspect for corrosion or leaks in the heating system | | | |
| | ii | Test pressure relief valves and ensure proper functionality | | | |
| 3(h) | **Check Gas Lines & Safety Equipment** | | | | |
| | i | Inspect gas lines for leaks and ensure safety equipment is in place and functional | | | |
| 3(i) | **Test Water Treatment Systems** | | | | |
| | i | Check water softeners, filtration, and chemical treatment systems | | | |
| 3(j) | **Test All Fire Suppression Systems** | | | | |
| | i | Ensure that all fire suppression systems are in good working condition, including foam and CO2 systems | | | |
| | ***Annual Maintenance Tasks*** | | | | |
| 4(a) | **Full System Electrical Load Test** | | | | |
| | i | Perform a complete load test to ensure that all systems are running efficiently under load conditions | | | |

(নুর-ই-কাওনাইন)
নির্বাহী প্রকৌশলী
গণপূর্ত ডিজাইন বিভাগ-১
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

(শেখর চন্দ্র বিশ্বাস)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
গণপূর্ত ই/এম ডিজাইন সার্কেল
পূর্ত ভবন, ঢাকা।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 4(b) | **Inspect and Test Main Power Distribution** | | | | |
| | i | Comprehensive inspection of transformers, cables, and main distribution systems | | | |
| 4(c) | **Renew Electrical Safety Inspections** | | | | |
| | i | Ensure compliance with BNBC electrical codes and standards | | | |
| 4(d) | **Check Lightning Protection System** | | | | |
| | i | Inspect and test the lightning rods and earthing system to ensure protection from surges | | | |
| 4(e) | **Full HVAC System Overhaul** | | | | |
| | i | Complete inspection and cleaning of ducts, cooling towers, and all associated components | | | |
| | ii | Test system performance under varying conditions and load | | | |
| 4(f) | **Boiler & Pressure Vessel Inspection (if any)** | | | | |
| | i | Conduct thorough inspections and cleaning of boilers and pressure vessels | | | |
| | ii | Check for wear and tear, and replace any necessary parts | | | |
| 4(g) | **Lift & Escalator System Overhaul** | | | | |
| | i | Perform a detailed inspection and replace any worn components like cables, ropes, belts, or motors | | | |
| | ii | Test lift and escalator load capacity, safety features, and backup systems | | | |
| 4(h) | **Fire Safety Equipment Full Test** | | | | |
| | i | Test all fire extinguishers, sprinklers, alarms, and emergency systems for readiness | | | |
| | ii | Inspect and service fire dampers and smoke vents | | | |
| 4(i) | **Inspect Building Insulation** | | | | |
| | Check insulation for any degradation, particularly in attics, basements, and around piping systems. | | | | |

Overall Comment (if any):

**To be duly signed by relevant officials**

26/06/25

(নূর-ই-কাওনাইন)
নির্বাহী প্রকৌশলী
গণপূর্ত ডিজাইন বিভাগ-১
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

26/6/25

(শেখর চন্দ্র বিশ্বাস)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
গণপূর্ত ই/এম ডিজাইন সার্কেল
পূর্ত ভবন, ঢাকা।

# গণপূর্ত অধিদপ্তরের আওতাধীন Key Point Installation (KPI) ও রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ স্থাপনার অবকাঠামো সমূহের ঝুঁকি নিরূপণ এবং Maintenance Audit পরিচালনার প্রয়োজনীয় চেকলিস্ট

## General Information

| | |
|---|---|
| 1 | Building name (with Type-Residential/commercial/other): |
| 2 | BIMH ID: |
| 3 | Concerned PWD Division: |
| 4 | Type of structure: |
| 5 | No. of storey: |
| 6 | Year of Construction: |

## Fire Safety Checklist

| Sl no. | Check Item | | Yes | No | Remarks |
|---|---|---|---|---|---|
| 1(a) | Updated As-built Architectural drawing available? | | | | |
| 1(b) | Updated As-built Internal electrification drawing available? | | | | |
| 1(c) | Updated As-built Single line circuit diagram drawing available? | | | | |
| 1(d) | Updated As-built E/M equipment layout drawing available? | | | | |
| 1(e) | Updated As-built Fire safety plan, fire protection & detection drawing available? | | | | |
| | | | | | |
| 2(a) | **Review Fire Safety Regulations & Standards** | | | | |
| | i | Understand Local Regulations (BNBC, FSCD,NFPA) | | | |
| | ii | Building-Specific Codes (high-rise buildings or KPIs) | | | |
| 2(b) | **Fire Detection and Alarm Systems** | | | | |
| | i | Verify System Functionality [Test fire alarms and detection systems regularly (smoke detectors, heat detectors, fire alarms)] | | | |
| | ii | Test Communication (Confirm the inter connectivity between alarm systems in different parts of the building | | | |
| | iii | Ensure Maintenance Records | | | |
| 2(c) | **Fire Suppression Systems** | | | | |
| | i | Check Sprinkler Systems | | | |
| | ii | Review Extinguisher Availability and Condition | | | |
| | iii | Fire Hose Reels and Standpipes | | | |
| 2(d) | **Exit and Evacuation Routes** | | | | |
| | i | Clear Escape Routes | | | |
| | ii | Test emergency lights in stairwells, hallways, and exits to ensure they function during power outages | | | |
| | iii | Confirm that all fire exits and emergency equipment are clearly labeled with visible and illuminated signs | | | |
| 2(e) | **Check Fire Alarm & Sprinkler Systems** | | | | |
| | i | Test the function of smoke detectors and alarm systems with Fire Alarm Control Panel and repeater Panel | | | |
| | ii | Verify water pressure and operational status of sprinklers and fire hydrant hose with nozzles | | | |
| 2(f) | **Fire Doors and Compartmentalization** | | | | |
| | i | Fire Door Functionality | | | |
| | i | Compartmentlizaion (Ensure that fire barriers and walls are intact) | | | |
| | ii | Check valves for corrosion and functional performance | | | |

22/05/25
(নূর-ই-কাওনাইন)
নির্বাহী প্রকৌশলী
গণপূর্ত ডিজাইন বিভাগ-১
[illegible] ভবন সেগুনবাগিচা, ঢাকা।

(শেখর চন্দ্র বিশ্বাস)
[illegible] প্রকৌশলী
গণপূর্ত ই/এম ডিজাইন সার্কেল
পূর্ত ভবন, ঢাকা।

৮৭-০৪

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 2(g) | **Electrical Systems** | | | | |
| | i | Inspect Electrical Panels | | | |
| | ii | Ensure cables are properly routed and there is no excessive wear or overheating risk | | | |
| 2(h) | **HVAC Systems** | | | | |
| | i | Test smoke control and exhaust systems to ensure they function properly. | | | |
| | ii | Regularly clean and inspect air ducts and filters | | | |
| 2(i) | **Fire Safety Training and Drills** | | | | |
| | i | Staff Training | | | |
| | i | Organize regular fire drills | | | |
| 3(a) | **Documenting Maintenance and Inspections** | | | | |
| | i | Keep Detailed Records of maintenance activities | | | |
| | ii | Action Plan for Deficiencies | | | |
| 3(b) | **Periodic Re-assessments** | | | | |
| | i | Schedule Regular Fire Safety Audits | | | |
| | ii | Update Safety Plans | | | |
| 3(c) | **Test All Fire Suppression Systems** | | | | |
| | i | Ensure that all fire suppression systems are in good working condition, including foam and CO2 systems | | | |
| 3(d) | **Fire Safety Equipment Full Test** | | | | |
| | i | Test all fire extinguishers, sprinklers, alarms, and emergency systems for readiness | | | |
| | ii | Inspect and service fire dampers and smoke vents | | | |

Overall Comment (if any):

**To be duly signed by relevant officials**

২৫/০৫/২৫

(নূর-ই-কাওনাইন)
নির্বাহী প্রকৌশলী
গণপূর্ত ডিজাইন বিভাগ-১
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

২৫/৫/২৫

(শেখর চন্দ্র বিশ্বাস)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
গণপূর্ত ই/এম ডিজাইন সার্কেল
পূর্ত ভবন, ঢাকা।

গণপূর্ত ডিজাইন বিভাগ-৫, ঢাকা

| অফিস সহকারী | উচ্চমান সহকারী | নি: প্র: |
|---|---|---|
| আবক্ষরী নং ৫22 | তারিখ ২.০1.25 | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
www.pwd.gov.bd

সংস্থাপন শাখা-১

নম্বরঃ ২৫.৩৬.০০০০.২১৫.০৬.১০১.২২- ৬০

তারিখঃ ৩০ পৌষ ১৪৩১ / ১৪ জানুয়ারি ২০২৫

## অফিস আদেশ

গণপূর্ত অধিদপ্তরের আওতাধীন Key Point Installation (KPI) ও রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ স্থাপনার অবকাঠামোসমূহের ঝুঁকি নিরুপন এবং Maintenance Audit পরিচালনার লক্ষ্যে নিম্নেবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি নির্দেশক্রমে গঠন করা হলোঃ

কেন্দ্রীয় কমিটি

| | | | |
|---|---|---|---|
| ১। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী | পরিকল্পনা ও বিশেষ প্রকল্প, গণপূর্ত অধিদপ্তর | সভাপতি |
| ২। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী | ঢাকা গণপূর্ত জোন, ঢাকা | সদস্য |
| ৩। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী | ঢাকা গণপূর্ত মেট্রোপলিটন জোন, ঢাকা | সদস্য |
| ৪। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী | ই/এম জোন, গণপূর্ত অধিদপ্তর | সদস্য |
| ৫। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী | ই/এম পিএন্ডডি জোন, গণপূর্ত অধিদপ্তর | সদস্য |
| ৬। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী | সংস্থাপন ও সমন্বয়, গণপূর্ত অধিদপ্তর | সদস্য |
| ৭। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী | গণপূর্ত ডিজাইন সার্কেল-১, ঢাকা | সদস্য |
| ৮। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী | গণপূর্ত ডিজাইন সার্কেল-২, ঢাকা | সদস্য |
| ৯। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী | গণপূর্ত ই/এম ডিজাইন সার্কেল, ঢাকা | সদস্য |
| ১০। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী | গণপূর্ত ই/এম পিএন্ডডি সার্কেল, ঢাকা | সদস্য |
| ১১। | নির্বাহী প্রকৌশলী | গণপূর্ত ডিজাইন বিভাগ-১, ঢাকা | সদস্য সচিব |

কার্যপরিধিঃ

০১। গণপূর্ত অধিদপ্তরের আওতাধীন গুরুত্বপূর্ণ স্থাপনা সমূহের Maintenance Audit পরিচালনা করার লক্ষ্যে নীতিমালা ও প্রয়োজনীয় চেকলিষ্ট প্রণয়ন করবে;

০২। কেন্দ্রীয় কমিটি মাঠ পর্যায়ের কমিটি সমূহের কার্যক্রম পর্যবেক্ষণসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবে এবং প্রধান প্রকৌশলীর নিকট ত্রৈমাসিক রিপোর্ট প্রদান করবে;

০৩। মাঠ পর্যায়ের কমিটির সাথে আলোচনা পূর্বক BNBC-2020 অনুযায়ী KPI ও গুরুত্বপূর্ণ স্থাপনার চূড়ান্ত তালিকা প্রণয়ন করবে;

০৪। বছরে কমপক্ষে ০২(দুই) বার সভা করবে;

০৫। কেন্দ্রীয় কমিটি প্রয়োজন অনুসারে স্থাপনা সমূহ পরিদর্শন করবে;

০৬। কমিটি প্রয়োজনে যে কোন কর্মকর্তা/পেশাজীবিকে কমিটিতে কো-অপ্ট করতে পারবে।

১৪/০১/২০২৫
(মোঃ মাহাবুব হাসান)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা
ফোনঃ ০২-২২৩৩৮০৯৯৯

বিতরণঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস)/(পওবিপ্র)/(স্বাস্থ্য উইং)/(ই/এম)/(ই/এম পিএন্ডডি), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, ঢাকা/ ঢাকা মেট্রোপলিটন/ ময়মনসিংহ/ গোপালগঞ্জ/ চট্রগ্রাম/ খুলনা/ বরিশাল/ রাজশাহী/ সিলেট/ রংপুর/প্রকল্প পরিচালক, নগরাঞ্চলের ভবন সুরক্ষা প্রকল্প, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ........................................গণপূর্ত সার্কেল- , .....................................।

৫। পরিচালক/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পি.ডব্লিউ.ডি ট্রেনিং একাডেমী এন্ড টেস্টিং ল্যাবরেটরী, এলেনবাড়ী, ঢাকা।

৬। মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়/ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ইহা মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

৭। নির্বাহী প্রকৌশলী, ....ডিজাইন....., গণপূর্ত বিভাগ-৫ ....ঢাকা.....।

৮। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, ঢাকা।

ডিজাইন বিভাগ-৫, ঢাকা

উচ্চমান সহকারী | নিঃ সঃ

নং- ৫২০ তারিখ ২০/১/২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
www.pwd.gov.bd

সংস্থাপন শাখা-১

নম্বরঃ ২৫.৩৬.০০০০.২১৫.০৬.১০১.২২- ৬১

তারিখঃ ৩০ পৌষ ১৪৩১ / ১৪ জানুয়ারি ২০২৫

## অফিস আদেশ

গণপূর্ত অধিদপ্তরের আওতাধীন Key Point Installation (KPI) ও রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ স্থাপনার অবকাঠামোসমূহের ঝুঁকি নিরুপন এবং Maintenance Audit পরিচালনার লক্ষ্যে নিম্নেবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে গণপূর্ত বিভাগ ভিত্তিক কমিটি নির্দেশক্রমে গঠন করা হলোঃ

মাঠ পর্যায়ের কমিটিঃ

| | | |
|---|---|---|
| ১। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল), সংশ্লিষ্ট গণপূর্ত সার্কেল | সভাপতি |
| ২। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ই/এম), সংশ্লিষ্ট গণপূর্ত সার্কেল (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| ৩। | নির্বাহী প্রকৌশলী/ উপ-বিভাগীয় প্রকৌশলী (সংশ্লিষ্ট ডিজাইন বিভাগ) | সদস্য |
| ৪। | নির্বাহী প্রকৌশলী (ই/এম)/ উপ-বিভাগীয় প্রকৌশলী (ই/এম) (সংশ্লিষ্ট ই/এম ডিজাইন বিভাগ) | সদস্য |
| ৫। | উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল) (স্থাপনা সংশ্লিষ্ট) | সদস্য |
| ৬। | উপ-বিভাগীয় প্রকৌশলী (ই/এম) (স্থাপনা সংশ্লিষ্ট) | সদস্য |
| ৭। | নির্বাহী প্রকৌশলী (ই/এম) (বিভাগ/ ই/এম পিএন্ডডি বিভাগ) (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| ৮। | নির্বাহী প্রকৌশলী (সিভিল), সংশ্লিষ্ট গণপূর্ত বিভাগ | সদস্য সচিব |

বিঃদ্রঃ মাঠ পর্যায়ের তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ তাঁদের নিয়ন্ত্রণাধীন প্রতিটি গণপূর্ত বিভাগের জন্য উপরোক্ত ছক মোতাবেক ভিন্ন ভিন্ন কমিটি গঠন করবেন এবং গঠিত প্রতিটি কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পালন করবেন।

কার্যপরিধিঃ

০১। স্থাপনা সমূহ পরিদর্শন পূর্বক অগ্নিনিরাপত্তা, কাঠামোগত, ইত্যাদি ঝুঁকি সমূহ নিরুপণ করবেন এবং কেন্দ্রীয় কমিটির সাথে পরামর্শ পূর্বক স্থাপনা ব্যবহার উপযোগী করার জন্য প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবেন;
০২। বছরে ন্যুনতম ২ (দুই) বার স্থাপনা সমূহ পরিদর্শন করবে এবং পরিদর্শন প্রতিবেদন প্রদান করবেন;
০৩। স্থাপনা সমূহের ঝুঁকি নিরুপণের জন্য প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা করবেন;
০৪। অবকাঠামোসমূহের ব্যবহার উপযোগিতা সম্পর্কে কেন্দ্রীয় কমিটির নিকট প্রতিবেদন প্রদান করবেন;
০৫। সময় সময় কেন্দ্রীয় কমিটির নিকট হতে প্রকৌশলগত মতামত গ্রহন করবেন;
০৬। কমিটি প্রয়োজনে যে কোন কর্মকর্তা/পেশাজীবিকে কমিটিতে কো-অপ্ট করতে পারবেন।

১৪/০১/২০২৫
(মোঃ মাহাবুব হাসান)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা
ফোনঃ ০২-২২৩৩৮০৯৯৯

বিতরণঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস)/(পওবিপ্র)/(স্বাস্থ্য উইং)/(ই/এম)/(ই/এম পিএন্ডডি), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, ঢাকা/ ঢাকা মেট্রোপলিটন/ ময়মনসিংহ/ গোপালগঞ্জ/ চট্টগ্রাম/ খুলনা/ বরিশাল/ রাজশাহী/ সিলেট/ রংপুর/প্রকল্প পরিচালক, নগরাঞ্চলের ভবন সুরক্ষা প্রকল্প, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ........................................গণপূর্ত সার্কেল- , ..................................।
৫। পরিচালক/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পি.ডব্লিউ.ডি ট্রেনিং একাডেমী এন্ড টেস্টিং ল্যাবরেটরী, এলেনবাড়ী, ঢাকা।
৬। মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়/ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ইহা মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।
৭। নির্বাহী প্রকৌশলী, ........ডিজাইন........গণপূর্ত বিভাগ-৫........ঢাকা........।
৮। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, ঢাকা।
৯। গার্ড কপি।